



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

স্বাস্থ্যবিধি মেনে খুলেছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের হল পরিদর্শনে উপাচার্য

বরিশাল বিশ্ববিদ্যালয়

৪ অক্টোবর ২০২১

আজ ৪ অক্টোবর থেকে খুলেছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের হলগুলো। খোলার প্রথম দিনে বিভিন্ন হল পরিদর্শন করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। দুপুর সাড়ে ১২ টায় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল ও শেখ হাসিনা হল পরিদর্শন করেন উপাচার্য মহোদয়। এসময় হলের বিভিন্ন কক্ষ পরিদর্শন করে শিক্ষার্থীদের সাথে কথা বলেন এবং যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালনের উপর গুরুত্বারোপ করেন উপাচার্য মহোদয়। হলে থাকতে কোন ধরনের সমস্যা হলে তাৎক্ষণিক ভাবে হল প্রশাসনকে অবগত করার নির্দেশনা প্রদান করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. খোরশেদ আলম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষীকাবন্দ, বিভিন্ন হলের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এদিকে সকাল ১০ টা থেকে যেসব শিক্ষার্থীরা কমপক্ষে এক ডোজ কোভিড ভ্যাক্সিন গ্রহণ করেছেন শুধু মাত্র তাদেরকেই টিকা কার্ড, পরিচয়পত্র প্রদর্শন ও শারীরিক তাপমাত্রা পরিমাপপূর্বক হলে প্রবেশ করতে দেয়া হচ্ছে। হলগুলো দীর্ঘদিন বন্ধ থাকায় বরিশাল সিটি কর্পোরেশনের উদ্যোগে মশা নিধনকল্পে মশার অসুখ দেয়া হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস